

অর্থ আত্মসাতের অভিযোগে করা মামলায় নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের দুই ট্রাস্টির জামিন প্রশ্নে রুল দিয়েছেন হাইকোর্ট। তাঁরা হলেন এম এ কাশেম ও রেহানা রহমান।

জামিন চেয়ে তাঁদের করা আবেদনের শুনানি নিয়ে আজ মঙ্গলবার বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি খিজির হায়াতের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রুল দেন।

আদালতে দুই ট্রাস্টির পক্ষে আইনজীবী মোহাম্মদ সাঈদ আহমেদ ও শাহ মঞ্জুরুল হক শুনানিতে ছিলেন। দুদকের পক্ষে আইনজীবী খুরশীদ আলম খান ও রাষ্ট্রপক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল এ কে এম আমিন উদ্দিন শুনানিতে ছিলেন।

পরে জ্যেষ্ঠ আইনজীবী মোহাম্মদ সাঈদ আহমেদ প্রথম আলোকে বলেন, ‘ওই মামলায় এম এ কাশেম ও রেহানা রহমানকে কেন জামিন দেওয়া হবে না, তা জানতে চেয়ে রুল দিয়েছেন হাইকোর্ট। দুই সপ্তাহের মধ্যে দুদক ও রাষ্ট্রপক্ষকে রুলের জবাব দিতে বলা হয়েছে। একই সঙ্গে রুল শুনানির জন্য ১৬ আগস্ট দিন ধার্য করে দিয়েছেন আদালত।’